

মুগ্ধত্ব

রাজশাহী বোর্ডে পাশ ৮১.৬০ শতাংশ

কমেছে শতভাগ ও বেড়েছে শূন্য পাশের কলেজ

১ রাজশাহী বুরো

১ ০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

রাজশাহী শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার ফলাফলে এবার পাশ ও জিপিএ-৫ প্রাপ্তি শিক্ষার্থীর সংখ্যা কমেছে। এবারও পাশ ও জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে ছেলেদের চেয়ে এগিয়ে মেয়েরা। কমেছে শতভাগ পাশ করা কলেজ ও বেড়েছে শূন্য পাশের কলেজের সংখ্যা। এবার রাজশাহী বোর্ডে পাশের হার ৮১ দশমিক ৬০ শতাংশ। যা গত বছর ছিল ৯১ দশমিক ২৯ শতাংশ। আর জিপিএ-৫ পেয়েছে ২১ হাজার ৮৫৫ শিক্ষার্থী। যা গত বছর ছিল ৩২ হাজার ৮০০ জন। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে ফলাফল ঘোষণা করে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আরিফুল ইসলাম জানান, এক লাখ ২৬ হাজার ৭০০ জন শিক্ষার্থী এবার পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে পাশ করেছে এক লাখ ৩ হাজার ৩৮৫ জন শিক্ষার্থী। তিনি বলেন, এবার ছাত্রীদের পাশের হার ৮৫ দশমিক ৮৯ শতাংশ এবং ছাত্রদের ৭৭ দশমিক ৭৭ শতাংশ। এছাড়া জিপিএ-৫ পেয়েছে ১১ হাজার

৯৫৭ জন ছাত্রী এবং ৯ হাজার ৮৯৮ জন ছাত্র। আরিফুল ইসলাম বলেন, রাজশাহী শিক্ষা বোর্ডের আট জেলার ৭৫১টি কলেজ থেকে শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৩১টি কলেজে শতভাগ শিক্ষার্থী পাশ করেছে। যা গত বছর ছিল ১৬২ কলেজ। এছাড়া ৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাশ করেনি। যা গত বছর ছিল শূন্য।

এদিকে রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল খালেক বলেন, রাজশাহী কলেজে পাশের হার ১০০ ভাগ। এবার ৪৭৬ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৪৫৩ জন জিপিএ-৫ পেয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023